



নং- ১৬.০০.০০০০.০২২.৩৪.০৩৯.২০-০৮

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১১ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় ওমরাহ পরিচালনাকারী কওমী ট্রাভেলস এন্ড টুরস (ওমরাহ লাইসেন্স নং-৪০৬), ইসলাম টাওয়ার (৭ম তলা), রুম নং- (জি৭), নয়াপল্টন, ঢাকা এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু, আপনি যথাযথভাবে ওমরাহ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনি ওমরাহ লাইসেন্স প্রত্যাহার ও ২০.০০ (বিশ) লক্ষ টাকার জামানত (FDR) ফেরত চেয়ে গত ০৯.১১.২০২০ খ্রি. তারিখে আবেদন করেছিলেন; এবং

০৪। যেহেতু, আপনার আবেদনের প্রেক্ষিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় গত ২২.১১.২০২০ খ্রি. তারিখে ১৬.০০.০০০০.০২২.৩৪.০৩৯.২০-৪৩৩ নং বিজ্ঞপ্তি জারী করেন এবং আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ বাবুল মিয়া, পিতা-মৃত: আব্দুল লতিফ, মাতা-মৃত: শাফিয়া বেগম, গ্রাম: দরবেশপুর, থানা: রামগঞ্জ, জেলা: লক্ষীপুর কর্তৃক ৫,৯২,০০০/- (পাঁচ বিরানব্বই হাজার) টাকা পাওনা সংক্রান্ত অভিযোগ দাখিল করেন; এবং

০৫। যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত কার্য সম্পাদন করেছেন এবং তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন; এবং

০৬। যেহেতু, উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৭। সেহেতু, তদন্ত প্রতিবেদনের সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ (জ) অনুযায়ী আপনার পরিচালিত কওমী ট্রাভেলস এন্ড টুরস (ওমরাহ লাইসেন্স নং-৪০৬)-কে তিরস্কার করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আমিনুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com

নং- ১৬.০০.০০০০.০২২.৩৪.০৩৯.২০-০৮

তারিখ: ১১.০১.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তৌকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

৯. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মোঃ ওসমান গনি, স্বত্বাধিকারী, কওমী ট্রাভেলস এন্ড টুরস (ওমরাহ লাইসেন্স নং-৪০৬), ইসলাম টাওয়ার (৭ম তলা), রুম নং- (জি৭), নয়াপল্টন, ঢাকা।
১৩. অফিস কপি।